COPYRIGHT RESERVED VUG(4) — B (10)

# 2016-19

*Time : 3 hours*

*Full Marks : 80*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*The figures in the margin indicate full marks.*

*Answer **all** questions.*

১। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫+৫ = ১০

(ক) অক্ষরবৃত্ত ছন্দ বলতে কী বোঝ ? অক্ষরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা কর ।

(খ) বর্ণ কাকে বলে ? উদাহরণ দাও । অক্ষর (দল) কাকে বলে ? উদাহরণ দাও ।

(গ) শ্বাসাঘাত কাকে বলে ? উদাহরণসহ আলোচনা কর । ছেদ বা যতি কাকে বলে ? উদাহরণসহ আলোচনা কর ।

(ঘ) স্বরবৃত্ত বা লৌকিক (ছড়ার ছন্দ) কাকে বলে ? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা কর ।



Scanned by CamScanner

২। নিম্নলিখিত যে কোনো দুটির ছন্দলিপি নিরূপণ কর :

৫+৫ = ১০

(ক) সাগর জলে সিনান করি সজল এলো চুলে ।
বসিয়াছিলে উপল উপকূলে ॥

(খ) পক্ষিরাজের খেয়াল হলো ঘাস খাবে
স্বর্গে কোথায় ঘাস পাবে ।
একদিন সে ইন্দ্ররাজার সুখের দেশ
শূন্য করে নিরুদ্দেশ ।

(গ) যব গোধূলি সময় বেলি ।
ধনি মন্দির বাহির ভেলি ॥
নব জলধর বিজুরি রেহা ।
দ্বন্দ্ব পাসারি গেলি ॥

(ঘ) যতন করে রাখ হৃদে আদারিনী শ্যামা মাকে ।
তুমি দেখ আমি দেখি আর যেন ভাই কেউ না দেখে ॥

৩। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫+৫ = ১০

(ক) অনুপ্রাস ও যমক অলঙ্কার কাকে বলে ? উদাহরণসহ আলোচনা কর ।

(খ) শ্লেষ ও বক্রোক্তি অলঙ্কার কাকে বলে ? উদাহরণসহ আলোচনা কর ।



Scanned by CamScanner

(গ) সমাসোক্তি ও অতিশয়োক্তি অলঙ্কার কাকে বলে ? উদাহরণসহ আলোচনা কর ।

(ঘ) রূপক ও ব্যাজস্তুতি অলঙ্কার কাকে বলে ? উদাহরণসহ আলোচনা কর ।

৪। নিম্নলিখিত যে কোনো **পাঁচটির** অলঙ্কার নির্ণয় কর :

২×৫ = ১০

(ক) সিংহ জিনি মাঝা খীনি
তনু অতি কোমলিনী ।

(খ) রাবণ শ্বশুর মম, মেঘনাদ স্বামী,
আমি কি ডরাই, সখী, ভিখারী রাঘবে ?

(গ) অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুন ।
কোন গুণ নাই তার কপালে আগুন ॥

(ঘ) বন থেকে এলো এক টিয়ে মনোহর ।
সোনার টোপর শোভে মাথার উপর ॥

(ঙ) পড়ুক দুফোঁটা অশ্রু জগতের' পরে
যেন দুটি বাল্মীকির শ্লোক ।

(চ) আমি চাই উত্তরিতে জন্ম-জলধির
নিস্তরঙ্গ বেলাভূমি ।

(ছ) চঞ্চল আলো আশার মতন
কাঁপিছে জলে ।



Scanned by CamScanner

(জ) শীতের ওড়নী পিয়া গিরীষের বা ।

বরিষার ছত্র পিয়া দরিয়ার না ॥

৫। নিম্নলিখিত যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও :

১২×৩ = ৩৬

(ক) আধুনিক বাংলা ভাষার ক্ষেত্রে লেখ্য মাধ্যম হিসাবে প্রথমে যাত্রা শুরু হয় সাধু-বাংলার, পরবর্তীকালে ধীরে ধীরে সাধু-বাংলার পরিবর্তে চলিত-বাংলা আপন সাম্রাজ্য বিস্তার শুরু করে — এই বিষয়ে তোমার অভিমত ব্যক্ত কর ।

(খ) ঝাড়খন্ডী-বাংলা উপভাষা বাংলার কোন্ কোন্ ভৌগোলিক অঞ্চলে বিস্তৃত ? এই উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা কর ।

(গ) বাংলা ভাষায় বহু প্রজাতির দেশি ও বিদেশি শব্দের সমন্বয় ঘটেছে । এইরকম ছয়টি দেশি এ ছয়টি বিদেশি শব্দের উদাহরণ দাও । প্রতিটি শব্দ মূল কোন্ ভাষা থেকে গৃহীত হয়েছে এবং বাংলায় কোন্ অর্থে ব্যবহৃত হচ্ছে তা বিস্তৃতভাবে আলোচনা কর ।

(ঘ) রাঢ়ী-বাংলা উপভাষা বাংলার কোন্ কোন্ ভৌগোলিক অঞ্চলে বিস্তৃত ? এই উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা কর ।



Scanned by CamScanner

(ঙ) নিম্নলিখিত ছয়টি বিষয়ের সংক্ষিপ্ত টীকা লেখ :

(i) সমীভবন

(ii) বিষমীভবন

(iii) স্বরাগম

(iv) অপিনিহিতি

(v) অভিশ্রুতি

(vi) স্বরসঙ্গতি

৬। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের সঠিক উত্তর দাও :

১×৪ = ৪

(ক) কাক > কাগ ________ (ঘোষীভবন / অঘোষীভবন)-এর উদাহরণ।

(খ) নিশ্চুপ ________ (জোড়কলম / সঙ্কর) শব্দের উদাহরণ।

(গ) রাম বোকা ________ (সুভাষণরীতি / কুভাষণরীতি)-এর উদাহরণ।

(ঘ) কামরূপী-বাংলা উপভাষা (আসাম / মনিপুর) অঞ্চলে বিস্তৃত।

(ঙ) বাংলা চলিত ভাষা বিস্তারের ক্ষেত্রে (সবুজপত্র / প্রবাসী) পত্রিকা গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করেছে।

(চ) স্বামী বিবেকানন্দ রচিত (পরিব্রাজক / ধর্মতত্ত্ব) চলিত ভাষা প্রসারে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।



Scanned by CamScanner